

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৩৩.২৪.৭৮৭

বিষয়: রিট পিটিশন নং ৮৩৫৮/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৮৩৫৮/২০২৪-এর ০৮/০৭/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা-এর গত ২১/০১/২০২৪ খ্রি. তারিখের ৬৭ নং স্মারকে কুমিল্লা জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের 'ইউনিয়ন পরিষদ সচিব' ও 'হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর'-এর শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি এবং জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর-এর গত ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখের ২০১ নং স্মারকে চাঁদপুর জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের 'ইউনিয়ন পরিষদ সচিব' ও 'হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর'-এর শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। ফলে পিটিশনার মো. হান্নান মিয়া গং সংশ্লিষ্ট হয়ে রিট পিটিশন নং ৮৩৫৮/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ প্রদান করেন এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, কুমিল্লা-কে ৫নং এবং জেলা প্রশাসক, চাঁদপুর-কে ৬নং প্রতিপক্ষসহ মোট ০৯ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৮৩৫৮/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।


০৯-০৯-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব
০২৫৫১০০৯৯৫
lglaw1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এবং
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৩৩.২৪.৭৮৭/১(৪)

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
- ২। সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -২ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।



০৯-০৯-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব